সংবাদ

তারিখ ... 7 JUL 2007 ...
পৃষ্ঠা ১ কলাম ৪

# শিক্ষা প্রতিষ্ঠানে আজ ছাত্রলীগ ধর্মঘট ডেকেছে

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

সাবেক প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে গ্রেফতারের প্রতিবাদ এবং ধর্মঘট : পৃষ্ঠা : ১১ ক : ৪

## ধর্মঘট : ডেকেছে

(১ম পৃষ্ঠার পর)

অবিলম্বে মুক্তির দাবিতে আজ মঙ্গলবার সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট ডেকেছে ছাত্রলীগ। গতকাল সোমবার এক বিবৃতিতে এই কর্মসূচির ঘোষণা দেয়া হয়।

ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসান রিপন ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নাজিবুর রহমান টুটুল গতকাল এক বিবৃতিতে বলেন, ভীত হয়ে বর্তমান সরকার শেখ হাসিনাকে গ্রেফতার করেছে। সরকারের দুর্নীতির বিরুদ্ধে জেহাদ বর্তমানে গণতন্ত্রের বিরুদ্ধে জেহাদে পরিণত হয়েছে। নেতারা বলেন, গত দুর্নীতিবাজ সরকারের প্রধানমন্ত্রীকে গ্রেফতার না করে একটি সফল সরকারের প্রধানমন্ত্রীকে গ্রেফতার বর্তমান সরকারের অশুভ ইঙ্গিত বহন করে।

ছাত্র সমাজ সরকারের এই পদক্ষেপকে প্রত্যাখ্যান করেছে বলে উল্লেখ করে নেতারা বলেন, শেখ হাসিনা ও গণতন্ত্র অভিন্ন। আগামীতে ছাত্র সমাজের আন্দোলন হবে শেখ হাসিনার মুক্তি এবং গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলন। নেতারা শেখ হাসিনাকে মুক্তি দিয়ে গণতন্ত্রের পথ প্রশস্ত করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বিবৃতিতে নেতারা আরও বলেন, ষড়যন্ত্র বেশিদিন টিকে থাকতে পারে না। অতীতে বহুবার জাতির বিরুদ্ধে, গণতন্ত্রের বিরুদ্ধে, বঙ্গবন্ধুর বিরুদ্ধে ষড়যন্ত্র হয়েছে; কিন্তু তা স্থায়ী হয়নি। বঙ্গবন্ধুর বিরুদ্ধেও আগরতলা ষড়যন্ত্রমূলক মামলা দায়ের করে গ্রেফতার করা হয়েছিল। কিন্তু সময় পরিবর্তনের সঙ্গে সঙ্গে তিনি হয়েছেন জাতির মহানায়ক। তেমনি বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার বিরুদ্ধেও ষড়যন্ত্রমূলক মামলা দায়ের করে গ্রেফতার করা হয়েছে। সময়ের আবর্তে শেখ হাসিনাও ইতিহাসে স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ হবেন। নেতারা শেখ হাসিনাকে মুক্তি দিয়ে গণতন্ত্রের পথ প্রশস্ত করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান। শেখ হাসিনার মুক্তির দাবিতে আজ সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘটের ঘোষণা দেন তারা।

**ছাত্র সংগ্রাম পরিষদের নিন্দা ও প্রতিবাদ**

শেখ হাসিনাকে গ্রেফতারের প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদ তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে। গতকাল সোমবার এক বিবৃতিতে সংগঠনের নেতারা বলেন, শেখ হাসিনার গ্রেফতারের মাধ্যমে সরকারের রাজনৈতিক দুরভিসন্ধি প্রকাশ পেয়েছে। জনগণের কাছে সরকারের প্রকৃত উদ্দেশ্য নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে।

তারা বলেন, শেখ হাসিনার মতো একজন প্রতিষ্ঠিত রাজনৈতিক নেতার গ্রেফতার এদেশে গণতান্ত্রিক রাজনৈতিক প্রক্রিয়ার ওপর সরাসরি আঘাত। এ ঘটনা ছাত্র-জনতাকে ক্ষুব্ধ করেছে। তারা শেখ হাসিনার মুক্তি দাবি জানিয়ে আইনি প্রক্রিয়ার বাইরে যে কোন ধরনের হয়রানি থেকে বিরত থাকার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।